



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-২). ৭৫৮

তারিখ: ২৫/০৪/২০২৪ খ্রি.

**বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের অবসর ও কল্যাণ ট্রাস্টের সংগৃহীত অর্থের হিসাব বিবরণী প্রেরণ সংক্রান্ত।**

- সূত্র: ১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০২১.১৬(অংশ-১).৩২৬; তারিখ: ০৮ ডিসেম্বর ২০২২  
২। মাউশি'র স্মারক নং -৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-১).৩২০১; তারিখ: ১৯/১২/২০২২ খ্রি.  
৩। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০২১.১৬(অংশ-১).২২০; তারিখ: ২৩ অক্টোবর ২০২৩  
৪। মাউশি'র স্মারক নং -৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-২).৩৬০৯; তারিখ: ০৫/১২/২০২৩ খ্রি.  
৫। মাউশি'র স্মারক নং -৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-২).৩৬৬৫; তারিখ: ১১/১২/২০২৩ খ্রি.  
৬। মাউশি'র স্মারক নং -৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-২).২৭; তারিখ: ১০/০১/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত (১) ও (৩) নং স্মারকে বেসরকারি স্কুল, স্কুল এন্ড কলেজে (মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তর) শিক্ষার্থী ভর্তি নীতিমালা'র উপানুচ্ছেদ ১০.৬ এ অবসরপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীগণের অবসর ও কল্যাণ ট্রাস্ট তহবিলের জন্য ভর্তিকালীন সময়ে শিক্ষার্থী প্রতি ১০০/- টাকা গ্রহণ করে সংশ্লিষ্ট হিসাব খাতে জমা দিতে হবে। ৭০/- টাকা অবসর এবং ৩০/- টাকা কল্যাণ তহবিলের সংশ্লিষ্ট হিসাব খাতে জমা প্রদান করতে হবে মর্মে উল্লেখ রয়েছে। তৎপক্ষে মাউশি অধিদপ্তরের সূত্রোক্ত (২) ও (৪) নং স্মারক পত্রের মাধ্যমে **নতুন ভর্তিকৃত শিক্ষার্থী** প্রতি ভর্তিকালীন ১০০/- টাকা গ্রহণ করে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্ব স্ব প্রতিষ্ঠানের পৃথক তহবিলে/ব্যাংক হিসাবে জমা রাখার নির্দেশনা প্রদান করা হয়। পরবর্তীতে সূত্রোক্ত (৫) ও (৬) নং স্মারক পত্র মোতাবেক প্রতিষ্ঠান কর্তৃক মাউশি অধিদপ্তর হতে প্রেরিত ব্যাংক হিসাব নম্বরে **হিসাব নং- 108114100004162, DSHE Student's Contribution for TERBB & NGTE, উত্তরা ব্যাংক লিমিটেড, হোটেল ইন্টারকন্টিনেন্টাল শাখা, ঢাকা** জমাদান এবং উক্ত তথ্য মাউশি অধিদপ্তরে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারদের পত্র দেওয়া হয়। কিন্তু অদ্যাবধি কতিপয় জেলা ব্যতীত অধিকাংশ জেলা হতে অবসর ও কল্যাণ তহবিলের টাকা জমাদান সংক্রান্ত তথ্য মাউশি অধিদপ্তরে প্রেরণ করা হয়নি। এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের ভর্তি নীতিমালার আলোকে **নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের** কাছ থেকে ভর্তিকালীন সংগৃহীত ১০০/- (একশত) টাকা বর্ণিত ব্যাংক হিসাব নম্বরে জমাদান সম্পর্কিত তথ্য **আগামী ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে** নিম্নোক্ত ছক মোতাবেক মাউশি অধিদপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ছক

ক্রম.	অঞ্চলের নাম	জেলার নাম	প্রতিষ্ঠানের সংখ্যা	শিক্ষার্থী সংখ্যা	টাকার পরিমাণ	মন্তব্য

বিষয়টি অতীব জরুরি।

(এস এম জিয়াউল হায়দার হেনরী)  
সহকারী পরিচালক (মাধ্যমিক-২)  
৪১০৫০১১৮

আঞ্চলিক উপপরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;  
[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (মাধ্যমিক- ২)]
- ২। জেলা প্রশাসক.....;
- ৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ৫। জেলা শিক্ষা অফিসার (সকল) [পত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];
- ৬। উপজেলা নির্বাহী অফিসার.....;
- ৭। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
- ৮। সভাপতি, ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি,.....;
- ৯। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ (সকল)
- ১০। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ১১। পিএ টু পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ১২। সংরক্ষণ নথি।